# বিএনপির নেতৃত্বেই ফ্যাসিবাদ বিদায়, গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠা হবে: নজরুল ইসলাম খান



সংগৃহীত ছবি

বিএনপির স্থায়ী কমিটির সদস্য নজরুল ইসলাম খান বলেছেন, বাকশালের পরিবর্তে জিয়াউর রহমান গণতন্ত্র এনেছিলেন এবং খালেদা জিয়া সামরিক স্বৈরশাসনের বিপরীতে গণতন্ত্র প্রতিষ্ঠা করেছিলেন। এবারও ফ্যাসিবাদ সরিয়ে বিএনপির নেতৃত্বেই দেশে গণতন্ত্র ফিরবে। তিনি জনগণের মন জয় করার ওপর জোর দেন এবং খালেদা জিয়ার রাজনৈতিক ত্যাগের কথা উল্লেখ করেন।

বিএনপির স্থায়ী কমিটির সদস্য নজরুল ইসলাম খান বলেছেন, বাকশালের পরিবর্তে সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমান দেশে গণতন্ত্র প্রতিষ্ঠা করেছিলেন। পরে খালেদা জিয়া সামরিক স্বৈরশাসনের বিরুদ্ধে লড়াই করে গণতন্ত্রের ধারা রক্ষা করেছিলেন। বর্তমান ফ্যাসিবাদী পরিস্থিতি কাটিয়ে ওঠার পরও বিএনপির নেতৃত্বেই গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠিত হবে।

শুক্রবার (১৫ আগস্ট) বিকেলে নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে দলীয় চেয়ারপারসন খালেদা জিয়ার ৮১তম জন্মদিন উপলক্ষে আয়োজিত মিলাদ ও দোয়া মাহফিলে তিনি এ মন্তব্য করেন।

LENS ASIA

নজরুল ইসলাম খান বলেন, "খালেদা জিয়াকে একাধিকবার কারাবরণ করতে হয়েছে। তাকে দণ্ড দিয়ে নির্জন কারাগারে রাখা হয়েছিল। এমনকি ভুল চিকিৎসা দিয়ে মৃত্যুর মুখে ঠেলে দেওয়ার চেষ্টা করা হয়েছিল। কিন্তু আল্লাহ যাকে রক্ষা করেন, তাকে ধ্বংস করার ক্ষমতা কারও নেই।"

তিনি আরও বলেন, "জনগণের মন জয় করতে হবে। এমন কিছু করা যাবে না যাতে তারা অসন্তুষ্ট বা ভীত হয়।"